

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৬৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৮. দ্বিতীয় অনুচ্ছেদ - কুরবানী

আরবী

وَعَنْ عَلِيٍّ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَن نضحي بأعضب الْقرن وَاهُ ابْن مَاجَه

বাংলা

১৪৬৪-[১২] 'আলী (রাঃ) হতে এ হাদীসটিও রিওয়ায়াতকৃত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শিং ভাঙ্গা, কান কাটা পশু দিয়ে কুরবানী করতে বারণ করেছেন। (ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আত্ তিরমিয়ী ১৫০৪, ইবনু মাজাহ্ ৩১৪৫, আহমাদ ১১৫৮, ইবনু খুযায়মাহ্ ২৯১৩, মুসতাদরাক লিল হাকিম ১৭১৯। কারণ এর সানাদে জুরাই ইবনু কালীব রয়েছে যার সম্পর্কে আবূ হাতিম (রহঃ) বলেছেন, তার হাদীস দ্বারা দলীল দেয়া যাবে না। আর ইবনু হাজার (রহঃ) বলেছেন, তার হাদীস দুর্বল।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আল্লামা শাওকানী বলেনঃ হাদীস প্রমাণ করে শিং ভাঙ্গা ও কান কাটা পশু যা অর্ধেকেরও বেশি তা কুরবানী করা বৈধ না। আর জমহূরদের মত হল, স্বাভাবিকভাবে ভাঙ্গা শিং ও কান কাটা পশু কুরবানী দেয়া বৈধ। আমার (ভাষ্যকার) মতে, যদি ভাঙ্গা শিং এর বাইরে হয় তাহলে এমন পশু কুরবানী বৈধ আর যদি ভাঙ্গা ভিতরে বা গোড়ায় হয় তাহলে যেমনটি শাওকানী বলেছেন তাহলে বৈধ না তবে যদি সামান্য ভাঙ্গা হয় তাহলে বৈধ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন